# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর

**একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্ত**

INS012-5/00153/2016/2618/58996 Date:31/05/2023

প্রাপক ঃ অধ্যক্ষ
বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর কলেজ
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

**বিষয় ঃ স্নাতক (পাস) শিক্ষাকার্যক্রমে অধিভুক্তি নবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভার অনুমোদন সাপেক্ষে কলেজের নিম্নোক্ত শিক্ষাকার্যক্রম ও বিষয়ের অধিভুক্তি নবায়নের মেয়াদ শর্তাধীনে বৃদ্ধি করা হলোঃ

| শিক্ষাকার্যক্রম | শিক্ষাবর্ষ | বিষয় |
|---|---|---|
| বি.এ(পাস) | ২০২৩-২০২৪ হতে ২০২৫-২০২৬ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামি শিক্ষা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, মনোবিজ্ঞান, ভূগোল এবং দর্শন |
| বি.এস.এস (পাস) | | অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান |
| বি.বি.এস (পাস) | | হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা এবং ফিন্যান্স |

**পালনীয় শর্তাবলীঃ**

১। শিক্ষা প্রতিষ্ঠানে আনুষ্ঠানিকভাবে জাতীয় সংগীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন বাধ্যতামূলক করতে হবে।
২। **কোভিড-১৯ এর দূর্যোগপূর্ণ পরিস্থিতির কারণে ছাত্র-ছাত্রীদের জন্য অন-লাইন(Online) ভিত্তিক পাঠদানের ব্যবস্থা করতে হবে।**
৩। শিক্ষার সুষ্ঠ পরিবেশ নিশ্চিতকরণে পরিস্কার-পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত ও পরিবেশ বান্ধব শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪। ছাত্র-ছাত্রীদের নিরাপদ সড়কের বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করতে হবে।
৫। শিক্ষার সুষ্ঠ পরিবেশ নিশ্চিতকরণে যৌন নিপীড়ন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৬। **যে সকল বিষয়ে কাম্য সংখ্যক শিক্ষক কর্মরত নেই সে সকল বিষয়ে পূর্ণকালীন শিক্ষক নিয়োগ দিয়ে শিক্ষক সংখ্যা কাম্য পর্যায়ে উন্নীত করে বিশ্ববিদ্যালয়ে অবহিত করতে হবে।**
৭। অধিভুক্তি সংক্রান্ত সংশোধিত রেগুলেশন-২০১৯ এর আলোকে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তিসহ অধিভুক্ত প্রতিটি বিষয়ে ন্যূনতম ০৩(তিন) জন করে শিক্ষক কর্মরত থাকতে হবে এবং বিজ্ঞান বিষয়ে মানসম্মত ল্যাবরেটরী ও প্রদর্শক কর্মরত থাকতে হবে।
৮। নিয়মিত টিউটোরিয়াল ক্লাসের ব্যবস্থা করতে হবে এবং প্রতি শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট শিক্ষকদের দ্বারা পরীক্ষা গ্রহণ করে ফলাফলের রেকর্ড সংরক্ষণ করতে হবে।
৯। স্নাতক পাঠ্যসূচি অনুযায়ী প্রতি বিষয়ে কমপক্ষে দু'শত পুস্তক ও রেফারেন্স বুক সংগ্রহ করতে হবে এবং গ্রন্থাগার থেকে পুস্তক বিতরণের ব্যবস্থা করতে হবে।
১০। গবেষণাগারে প্রয়োজনীয় দ্রব্যাদি ও যন্ত্রপাতির সরবরাহ নিশ্চিত করতে হবে।
১১। প্রত্যেক শিক্ষাবর্ষ শেষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে বার্ষিক বিবরণী পাঠাতে হবে।
১২। জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূর্বানুমতি ব্যতিরেকে কোন কোর্স/বিষয় প্রবর্তন করা যাবে না।
১৩। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী গভর্নিং বডি গঠন করতে হবে।
১৪। অধিভুক্তি নবায়নের জন্য সংশ্লিষ্ট শিক্ষাবর্ষের কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে ফিসহ নির্ধারিত ফরমে কলেজ পরিদর্শক বরাবর আবেদন করতে হবে।

উপর্যুক্ত শর্তাবলী যথাযথভাবে পূরণ করা হয়েছে কিনা সে সংক্রান্ত সকল তথ্যাবলীসহ আবেদন করা না হলে পরবর্তী অধিভুক্তি নবায়নের আবেদন বিবেচনা করা হবে না।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

18-7-23
ফাহিমা সুলতানা
কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়
মোবাইল ঃ ০১৭১১-৫৬৩৪০০
Date:31/05/2023

INS012-5/00153/2016/2618/58996
অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
২। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
৩। অফিস কপি।

18.7.23
কলেজ পরিদর্শক
জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ম/কলে/রাজ-৩৩৩৬(২য়)/৫৭৮ তারিখ ১৮.০৯.২০২৩

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাংগীর ডিগ্রী কলেজ
ডাক-সোনামসজিদ, উপজেলা-শিবগঞ্জ, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

**বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।**

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ-১৬/০৭/২০২৩

নির্দেশক্রমে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহে অত্র বোর্ড কর্তৃক আপনার মহাবিদ্যালয়ের স্বীকৃতি ০১/০৭/২০২৩ হতে ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত মোট ০৩ (তিন) বৎসরের জন্য নবায়ন করা হ'ল।

| | | |
|---|---|---|
| আবশ্যিক বিষয় | : | (১) বাংলা (২) ইংরেজী (৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |
| নৈর্বাচনিক বিষয় | | |
| (ক) মানবিক শাখা | : | অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, ভূগোল, সমাজ বিজ্ঞান, মনোবিজ্ঞান, কৃষি শিক্ষা। |
| (খ) ব্যবসায় শিক্ষা শাখা | : | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, পরিসংখ্যান। |
| (গ) বিজ্ঞান শাখা | : | পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্রাকটিস। |

উল্লেখ্য যে, অত্র বোর্ডের আর, এ-৬৫ এর বিধি অনুসারে শিক্ষা বৎসর আরম্ভের ৪ (চার) মাস পূর্বে নির্ধারিত ফরমে স্বীকৃতি নবায়নের দরখাস্ত অত্র বোর্ডে দাখিল করতে হবে।

**চেয়ারম্যানের আদেশক্রমে**

১৮.০৯.২৩

(মোঃ হুমায়ূন কবীর)
**সচিব**
**ও**
**কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখ ..............................

**অনুলিপি অবগতি ও কার্যার্থে:**

১. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
৩. জেলা শিক্ষা অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
৫. সিনিয়র সিষ্টেম এনালিষ্ট (চঃ দাঃ), শিক্ষা বোর্ড রাজশাহী
৬. শাখা কর্মকর্তা, কলেজ নিবন্ধন শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড

**সচিব**
**ও**
**কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

টেলিগ্রাম : RISEB
টেলিফোন :

স্মারক নং: ২/কলে/৭৯৩/৬৩৬/২৫৪৯ তারিখ ৩১/৮/৯৫

প্রেরক : কলেজ পরিদর্শক,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : অধ্যক্ষ,
সোনা মসজিদ আনক বীর শ্রেষ্ঠ জাহাংগীর
কারিগরি ও কৃষি কলেজ(প্রস্তাবিত)।
ডাক-শিবগঞ্জ, জেলা-চাঁপাই নবাবগঞ্জ।

বিষয় : ১৯৯৫-৯৬ শিক্ষা বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি প্রসংগে।

প্রসঙ্গ : আপনার স্মারক নং-অনুমতি ২৭/৯৫, তাং-২৮-৬-৯৫ ইং

জনাব,

নির্দেশক্রমে উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তাঁহাকে জানানো যাইতেছে যে, ১৯৯৫-৯৬ শিক্ষা বর্ষ হইতে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি প্রদানের প্রশ্নে নিম্ন লিখিত শর্তাবলী পূরন করিতে হইবে।

শর্তাবলী:-

১। কৃষি বিভাগ খোলার জন্য অতিরিক্ত আরও ৩.০০ একর কৃষি জমি, কৃষি যন্ত্রপাতির তালিকা মূল্য সহ ভাউচার।

২। সাধারন তহবিলে নীতিমালা মোতাবেক ৩০,০০০/- টাকার ব্যাংক সার্টিফিকেট।

৩। কলেজের নাম করনের স্বপক্ষে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা দানের প্রামান্য কাগজ পত্র।

আপনার বিশ্বস্ত,
৩১/৮
কলেজ পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী।

৩১/৮ ৩১/৮